

Dummies and talking

Babies like to suck, so dummies can help soothe at bedtime or when your baby is tired or cross. But regular and extended use of a dummy can create problems with your child's speech.

- Try to wean your child away from dummies, preferably by 12 months.
- Make a clean break – throw away the dummy over a weekend, or at a time when you have support. Most babies and toddlers will fret for no more than two or three days.
- Dummies prevent babies from babbling – an important step in learning to talk, so only use them at set times, like bedtime.
- When your baby cries he's trying to tell you something, so try to find out what's troubling your baby first, and use the dummy as a last resort.
- Remember, learning to talk can be tricky, so toddlers need lots of practice. A dummy will discourage your toddler from chatting with you, which she needs to do to develop her language skills.
- If your toddler is still using a dummy, always ask him to take it out before you talk to each other.
- Never dip your baby's dummy into anything sweet. This can cause tooth decay.



© Posy Simmonds

চুষিকাঠি ও কথা বলা

বাচ্চারা কিছু একটা চুষতে পছন্দ করে, সুতরাং আপনার বাচ্চার ঘুমানোর সময়ে কিংবা সে যখন ক্লান্ত বা বিরক্ত তখন তাকে শান্ত করার জন্য চুষিকাঠি কাজে লাগে। কিন্তু নিয়মিত ও দীর্ঘদিন ধরে চুষিকাঠির ব্যবহার আপনার সন্তানের কথা বলার ব্যাপারে সমস্যা সৃষ্টি করতে পারে।

- আপনার বাচ্চাকে চুষিকাঠি ছাড়ানোর চেষ্টা করুন, সম্ভব হলে তার ১২ মাস বয়সের মধ্যেই।
- একবারেই ছাড়িয়ে দিন - কোন সপ্তাহান্তে, কিংবা যে সময়ে কারো কাছ থেকে সহায়তা পেতে পারেন তখন চুষিকাঠি ফেলে দিন। বেশীর ভাগ বাচ্চাই তার জন্য দুই বা তিন দিনের বেশী কান্নাকাটি বা বায়না করবে না।
- চুষিকাঠি বাচ্চাদের মুখে নানা ধরনের শব্দ করায় বাধা দেয় - যা তাদের কথা বলতে শেখার পথে একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ, সুতরাং কেবল নির্দিষ্ট কোন সময়েই, যেমন ঘুমানোর সময়ে, এটা বাচ্চাকে দেবেন।
- আপনার বাচ্চা যখন কাঁদছে, সে আসলে আপনাকে কিছু বলতে চাইছে, সুতরাং প্রথমে জানার চেষ্টা করুন কি জন্য আপনার বাচ্চার অস্বস্তি হচ্ছে, এবং তাকে শান্ত করার সর্বশেষ উপায় হিসাবেই চুষিকাঠি ব্যবহার করুন।
- মনে রাখবেন, কথা বলতে শেখা বেশ জটিল প্রক্রিয়া হতে পারে, তাই বাচ্চাদের প্রচুর অভ্যাস করার দরকার হয়। চুষিকাঠি মুখে থাকলে আপনার বাচ্চা আপনার সঙ্গে কথা বলতে চাইবে না, যেটা তার ভাষার উপরে দখল বাড়ানোর জন্য তার করা দরকার।
- আপনার বাচ্চা যদি এখনও চুষিকাঠি ব্যবহার করে, সব সময়েই তাকে বলবেন আপনার দু'জনে কথা বলার আগে সেটা তার মুখ থেকে বার করে নিতে।
- আপনার বাচ্চার চুষিকাঠি কখনোই মিষ্টি কিছুর মধ্যে ডোবাবেন না। তা করলে তার দাঁতের ক্ষতি হতে পারে।